"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : **মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের "নৈতিকতা কমিটি'র "২৯/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

**সভাপতি** : কাজী রওশন আক্তার
সচিব , মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

**সভার তারিখ** : ২৯/১২/২০২০

**সময়** : বেলা ১২:৩০ ঘটিকা।

**স্থান** : জুম প্লাটফর্ম

সভাপতি মহোদয় সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্যসচিব উপসচিব (প্রশাসন-১) এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ সভায় উপস্থাপন করেন। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| আলোচ্য সূচি-০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২১ এর ২য় কোয়াটারের কাযর্ক্রম '৫.১ উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ' এর বাস্তবায়ন লক্ষ্যমাত্রা ৩১.১২.২০২০ তারিখ নির্ধারন করা আছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অর্জনে উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা আবশ্যক।ইতোমধ্যে বিভিন্ন শাখা/অধিশাখাকে উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে যুগ্মসচিব (প্রশাসন) বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করে উত্তম চর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে।<br><br>NIS কর্ম-পরিকল্পনার ২য় কোয়াটারের কার্যক্রম '৯.৪ ওয়েবসাইটে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংশ্লিষ্ট শ্লোগান/বাণী প্রদর্শন' এর বাস্তবায়ন হিসেবে নিম্নোক্ত শ্লোগান ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে।<br>**'শুদ্ধাচারের চর্চা করি<br>দুর্নীতিকে বিদায় করি।'**<br>NIS কর্ম-পরিকল্পনার ২য় কোয়াটারের কার্যক্রম '২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা' এর বাস্তবায়নে ৩০/১২/২০২০ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মহিলা বিষয়ক অধিদপ্তরে সভা আহ্বান করা হয়েছে। | ২য় কোয়াটারের অন্যতম কার্যক্রম উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | **প্রশাসন-১ শাখা** |

| | | | |
|---|---|---|---|
| আলোচ্য সূচি-০২ | **মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর উত্তম চর্চার তালিকা নিম্নরূপ :**<br>১) নিজ অফিস কক্ষ পরিপাটি রাখা।<br>২) সেবাগ্রহীতাদের সাথে সৌজন্যমূলক আচরন করা।<br>৩) অফিসে এসে নিজের ডেস্ক পরিষ্কার- পরিচ্ছন্ন করার বিষয়টি নিশ্চিত করা।<br>৪) অফিসে প্রবেশের পর সর্বপ্রথমে হাত ধোয়া/হ্যান্ড-স্যানিটাইজার ব্যবহার করা।<br>৫) মাস্ক ,হ্যান্ড স্যানিটাইজার ও স্বাস্থ্যবিধি মেনে অফিস করা।<br>৬) ওয়াশরুম ব্যবহারের পর পরবর্তী ব্যবহারকারীর ব্যবহার করার উপযুক্ত পরিবেশ বজায় রেখে ওয়াশরুম ত্যাগ করা ও ওয়াশরুমে দুর্গন্ধ দূরীকরণে এয়ার-ফ্রেশনার/ন্যাপথালিন ব্যবহার করা।<br>৭) মন্ত্রণালয়ে পত্র গ্রহণ ও প্রেরণ শাখা কর্তৃক বিশেষ ক্ষেত্রে চিঠিপত্র প্রাপ্তিস্বরুপ 'ধন্যবাদ ' জ্ঞাপন পত্র প্রদান।<br>৮) অফিসের সরঞ্জামের অপচয় রোধ করে যথাযথ ব্যবহার নিশ্চিত করা।<br>৯) অফিসে ডাস্টবিন ব্যবহারে ব্যক্তি সচেতনতা বৃদ্ধি করা।<br>১০) ওয়াশরুম/করিডোরে উচ্চস্বরে অপ্রেয়োজনীয় কথা না বলা।<br><br>উপরিল্লিখিত প্রস্তাবিত উত্তম চর্চার তালিকা অনুমোদন সাপেক্ষে ৩য় কোর্য়াটার (জানুয়ারি-মার্চ/২০২১) এবং ৪র্থ কোর্য়াটার (এপ্রিল-জুন/২০২১) এ বাস্তবায়ন করা যেতে পারে। | ১। উত্তম চর্চার তালিকা অনুমোদন করা হলো।<br><br>২। তালিকার ১-৫ নং উত্তম চর্চাসমূহ ৩য় কোর্য়াটারে এবং ৬-১০ নং উত্তম চর্চাসমূহ ৪র্থ কোর্য়াটারে বাস্তবায়ন করতে হবে। | **১।প্রশাসন-১শাখা**<br>**২।প্রশাসন-২ শাখা**<br>**৩। সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখার প্রধানগণ** |

৩০/১২/২০২০

কাজী রওশন আক্তার

সচিব